দৈনিক সংবাদ

তারিখ
পৃষ্ঠা··

৭।

# আগামীকাল ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস '৮৯

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

আগামীকাল শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস '৮৯ উদযাপিত হবে। এ উপলক্ষে দিনব্যাপী বিস্তারিত কর্মসূচী নেয়া হয়েছে।

সকাল সাড়ে ৮টায় কলাভবনের পাশের সবুজ চত্বরে বিএনসিসি, রেঞ্জার্স ও রোভার স্কাউটদের সম্মিলিত কুচকাওয়াজের মাধ্যমে কর্মসূচীর সূচনা হবে। এরপর অনুষ্ঠেয় উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন জাতীয় অধ্যাপক ডা: নূরুল ইসলাম। অন্যান্য কর্মসূচীর মধ্যে রয়েছে নাটক, আবৃত্তি, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং আলোকচিত্র, হস্তশিল্প, শিল্পকলা, পুস্তক, দুষ্প্রাপ্য পাণ্ডুলিপি ইত্যাদির প্রদর্শনী, প্রীতি খেলাধুলা ইত্যাদি।

১৯৮৩ সাল থেকে শুরু করে এবার ৬ষ্ঠ বারের মত দিবসটি পালন করা হবে।